গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংস্থাপন শাখা
www.cabinet.gov.bd.

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.০০০.৫১৩.১৮.০০০১.২৫. ৪২৫

তারিখ: ৮ পৌষ ১৪৩২
২৩ ডিসেম্বর ২০২৫

বিষয়: আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৬ ও গণভোট আয়োজন সংক্রান্ত প্রচারণা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৬ ও গণভোট সুষ্ঠু, সুন্দর এবং উৎসবমুখর পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন কমিশন, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত নির্বাচন সংক্রান্ত বিভিন্ন ভিডিয়ো, অডিয়ো, টিভিসি, ছবি, লিফলেট ও পোস্টার ব্যাপকভাবে প্রচার করা প্রয়োজন। প্রচারের ক্ষেত্রে জেলা তথ্য অফিসের পাশাপাশি সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ-কে কাজে লাগানো যেতে পারে। এছাড়াও, প্রচারের জন্য নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা যেতে পারে:

ক. জেলা, উপজেলা ও বিভাগীয় পর্যায়ের সরকারি অফিসসমূহের ওয়েব পোর্টাল ও ফেসবুকে প্রচার;
খ. তথ্য অফিসারের মাধ্যমে বিভিন্ন হাট বাজার ও গ্রোথ সেন্টারসমূহে প্রচারণা ;
গ. সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠান যেমন- সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা, ও ইউনিয়ন পরিষদের মাধ্যমে বিভিন্ন গ্রোথ সেন্টার, বাজার, জনবহুল স্থানে মাইকিং এবং ডিসপ্লে বোর্ড/ প্রজেক্টরের মাধ্যমে প্রচার;
ঘ. ইউডিসির মাধ্যমে প্রচার; এবং
ঙ. বাংলাদেশ স্কাউটস, রেড ক্রিসেন্টসহ বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠনের মাধ্যমে প্রচার।

২। এমতাবস্থায়, এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (প্রশাসন অনুবিভাগ)
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
ডাইরী নং- ১২৬৩ তারিখ: ২২/১২/২৫
উপসচিব/উপ-সচিব (প্রশাসন অধিশাখা)
উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (প্রশাসন-০১/প্রশাসন-০২/বাজেট/এপিএ শাখা)
সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার (আইটি শাখা)
অফিস ও কর্মকর্তা (প্রশাসন অনুবিভাগ)
অতিরিক্ত সচিব/যুগ্মসচিব এর স্বাক্ষর

২২/১২/২০২৫
(মু. মাহমুদ উল্লাহ মারুফ)
উপসচিব
ফোন: ০২-২২৬৬৪১০৫৭
ইমেইল: gfa_branch@cabinet.gov.bd

১। কমিশনার (সকল বিভাগ)
২। জেলা প্রশাসক (সকল)
৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল)

অনুলিপি:

১। প্রধান উপদেষ্টার মুখ্যসচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়
২। সিনিয়র সচিব/সচিব (সকল) (অধীনস্থ দপ্তর সংস্থাকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
৩। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

যুব ও ক্রীড়া মন্ত্রণালয় (সচিবের দপ্তর)
ডাইরী নং- ৪২৬৮ তারিখ: ২২/১২/২৫
অতিরিক্ত সচিব (প্রশাসন/যুব) — জরুরী উপস্থাপন করুন
অতিরিক্ত সচিব (উন্নয়ন/ক্রীড়া-১) — নথি/ই-নথিতে পেশ করুন
যুগ্মসচিব (প্রশাসন ও আইন/ক্রীড়া-১/২) — ব্যবস্থা নিন
যুগ্মসচিব (বাজেট/উন্নয়ন-১/২) — আলোচনা করুন
সচিবের একান্ত সচিব — সিদ্ধান্ত করুন
সচিবের ব্যক্তিগত কর্মকর্তা — সচিবের স্বাক্ষর

CamScanner